

## 1199 - শরীরে উক্কি আঁকা কি হজ্জ আদায়ের ক্ষেত্রে প্রতিবন্ধক?

---

### প্রশ্ন

শরীরে উক্কি আঁকার হুকুম কী? যার শরীরে উক্কি আঁকা হয়েছে সে তার ফরয হজ্জ আদায় করতে চাইলে এটা কি প্রতিবন্ধক হবে?

### প্রিয় উত্তর

শরীরে উক্কি আঁকা হারাম। যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে সাব্যস্ত হয়েছে যে, তিনি ঐ নারীদের প্রতি লানত করেছেন যারা নিজে পরচুলা লাগায় ও অন্যকে দিয়ে পরচুলা লাগিয়ে নেয়। যারা উক্কি অঙ্কন করে ও অন্যকে দিয়ে উক্কি অঙ্কন করিয়ে নেয়। উক্কি হচ্ছে— গালে, ঠোঁটে ও শরীরের অন্যান্য স্থানের রঙ নীল রঙ, সবুজ রঙ কিংবা কালো রঙে পরিবর্তন করা।

উক্কি হজ্জ আদায়ের ক্ষেত্রে প্রতিবন্ধক হবে না।